

Seen  
20/08/2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়  
৪৩, আইস ফ্যাক্টরি রোড, চট্টগ্রাম।  
E-mail: dddncctgmetro@gmail.com

নং- ৫৮.০২.০০০০.০৮৪.২৩.০৪৯.২৩- ২৬৭

তারিখ: ২২ এপ্রিল ২০২৬ খ্রি:

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা প্রসঙ্গে।  
সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ১৯/০৪/২৬ খ্রি. তারিখের ৩৭৪ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬” উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতায় চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়ের (মেট্রো: কোতোয়ালী, ডবলমুরিং, বন্দর, কর্ণফুলী, হালিশহর (আংশিক), বাকলিয়া (আংশিক) ও চকবাজার (আংশিক) থানাসমূহের আওতাধীন মাধ্যমিক বা সমমান, উচ্চমাধ্যমিক এবং স্নাতক বা সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নিম্নবর্ণিত বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে-

রচনা প্রতিযোগিতার বিষয়

ক্রম নং	গ্রুপ	শ্রেণি	শব্দ সংখ্যা	রচনার বিষয়বস্তু
১.	ক	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান	সর্বোচ্চ ১০০০	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
২.	খ	৯ম, ১০ম বা সমমান	সর্বোচ্চ ১৫০০	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামী বাংলাদেশ
৩.	গ	একাদশ, দ্বাদশ, স্নাতক বা সমমান	সর্বোচ্চ ২০০০	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়ের সকল মাধ্যমিক বা সমমান, উচ্চমাধ্যমিক এবং স্নাতক বা সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রীরা রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ৩। রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা আগামী ১২ মে, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রো: (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রাম, (২য় তলা), ৪৩ আইস ফ্যাক্টরি রোড, চট্টগ্রাম বরাবর প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরবর্তীতে জানানো হবে।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে ছাত্র-ছাত্রীদের রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য চট্টগ্রাম মেট্রো:(দক্ষিণ) কার্যালয়ের (মেট্রো: কোতোয়ালী, ডবলমুরিং, বন্দর, কর্ণফুলী, হালিশহর (আংশিক), বাকলিয়া (আংশিক) ও চকবাজার (আংশিক) থানাসমূহের আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠানে পত্রটি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার  
চট্টগ্রাম।

শামীম হোসেন  
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: ০২-৪১৩৬০০৮৪।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০২. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
০৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক,....., চট্টগ্রাম।
০৪. অফিস কপি।